

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালিগঞ্জ, সাতক্ষীরা।
www.dss.kaliganj.satkhira.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৮৭৪৭.০০০.১৬.০৮৬.২৫. ৫৫

তারিখঃ ২৩-০২-২০২৫ খ্রিঃ

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের প্রতি মাসে মৃত্যুবরণকারীদের তথ্য প্রেরণ প্রসংগে।

সূত্রঃ বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা-২০১৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কালিগঞ্জ উপজেলাধীন আপনার ইউনিয়নের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের মৃত্যুজনিত কারণে প্রতিস্থাপনের জন্য প্রতি মাসে মৃত্যুর তথ্য প্রয়োজন হয়ে থাকে। সূত্রোক্ত সরকারি নীতিমালা মোতাবেক কোন ভাতাভোগী মারা গেলে তাকে মৃত্যুর মাসসহ তিন মাসের অর্থ প্রদান ও তার স্থানে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের নির্দেশনা আছে। কিন্তু আপনার দপ্তর থেকে মৃত্যুর তথ্য নির্ধারিত সময়ের মধ্যে না আসায় যথাসময়ে ভাতাভোগী প্রতিস্থাপন করা যাচ্ছেনা এবং মৃত ভাতাভোগীর নামে তিন মাসের অধিক অর্থ ছাড় হয়ে যাচ্ছে যার ফলে সূত্রোক্ত সরকারি নীতিমালা লঙ্ঘন হচ্ছে।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের মৃত্যুজনিত মাসিক তথ্য (মৃত্যুর সনদসহ) অত্র কার্যালয়ের সংশ্লিষ্ট ইউনিয়নে দায়িত্বরত ইউনিয়ন সমাজকর্মীর সাথে সমন্বয়পূর্বক বিনা ব্যর্থতায় প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের মৃত্যুর তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৬/০২/২০২৫
আরিফুজ্জামান

উপজেলা সমাজসেবা অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

ফোন: +৮৮০২৪৭৭৭৪৪৮৩৩

ইমেইল: usso.kaliganj@dss.gov.bd


২৬/০২/২৫

চেয়ারম্যান

..... ইউনিয়ন পরিষদ (সকল)

কালিগঞ্জ, সাতক্ষীরা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (সামাজিক নিরাপত্তা/ কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।

৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা।

৫। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৬। ইউনিয়ন সমাজকর্মী (সকল), অত্র কার্যালয়।

(আপনাকে দায়িত্বরত ইউনিয়নের চেয়ারম্যানের সাথে সমন্বয় করে নির্ধারিত সময়ের মধ্যে ভাতাভোগীদের মৃত্যুর তথ্য সংগ্রহপূর্বক নীতিমালা মোতাবেক কাজ করার জন্য বলা হলো)

৭। সংরক্ষিত মহিলা সদস্য/ সদস্য (সকল), ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।

৮। জনাব.....

৯। অফিস নথি।